# সার্বজনীন ব্যবহারের স্থানে ন্যালোক্সোন কিট: প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন

## ন্যালোক্সোন কী?

ন্যালোক্সোন (যাকে কখনও কখনও Narcan ব্র্যান্ড নামেও ডাকা হয়) হলো একটি নিরাপদ ওষুধ, যা ওপিওয়েডের অতিরিক্ত মাত্রার প্রভাব প্রতিরোধ করতে পারে। ন্যালোক্সোন শুধুমাত্র ওপিওয়েডগুলির (যেমন হেরোইন, ফেন্টানিল এবং ওপিওয়েড-ভিত্তিক পেইনকিলার) উপর কাজ করে, তবে শরীরে ওপিওয়েড না থাকলেও এটি ব্যবহার করা নিরাপদ। নিউ ইয়র্ক সিটি জুড়ে ন্যালোক্সোন বিনামূল্যে ব্যাপকভাবে পাওয়া যায় এবং অনেক ফার্মেসি থেকে প্রেসক্রিপশন ছাড়াই এটি কেনা যায়।

## আমার কেন ন্যালোক্সোন সাথে রাখা উচিত এবং এটি আমার সার্বজনীন ব্যবহারের স্থানে মজুত রাখা উচিত?

জরুরি চিকিৎসা পরিষেবা পৌঁছানো পর্যন্ত ওপিওয়েডের অতিরিক্ত মাত্রার উপসর্গগুলি সাময়িকভাবে প্রতিরোধ করতে যে কেউ সহজেই ন্যালোক্সোন প্রয়োগ করতে পারেন। সার্বজনীন ব্যবহারের স্থানে ন্যালোক্সোন হাতের কাছে রাখলে ওপিওয়েডের অতিরিক্ত মাত্রার ক্ষেত্রে কারও তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়ার সম্ভাবনা বেড়ে যায়, যা অতিরিক্ত মাত্রার কারণে হওয়া মৃত্যু প্রতিরোধ করতে সাহায্য করে।

## আমার কর্মস্থলে কেন ন্যালোক্সোন রাখা উচিত?

12 ডিসেম্বর, 2026 থেকে, নিউ ইয়র্ক স্টেটের নিয়ম অনুযায়ী পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য প্রশাসন-নির্ধারিত প্রাথমিক চিকিৎসার কিট রয়েছে এমন বেসরকারি নিয়োগকর্তাদের অবশ্যই তাদের প্রাথমিক চিকিৎসার সরঞ্জামের সাথে ন্যালোক্সোন বা অন্য কোনো ওপিওয়েড অ্যান্টাগনিস্ট রাখতে হবে।[1]

---

[1] Requiring first aid materials in a workplace to include an opioid antagonist (কর্মস্থলে প্রাথমিক চিকিৎসার সরঞ্জামের মধ্যে একটি ওপিওয়েড অ্যান্টাগনিস্ট অন্তর্ভুক্ত করার বাধ্যবাধকতা)। নিউ ইয়র্ক শ্রম আইন
§ 27-f | 20 ফেব্রুয়ারি, 2026 | https://www.nysenate.gov/legislation/laws/LAB/27-F

## যারা ন্যালোক্সোন সাথে রাখেন, প্রয়োগ করেন বা গ্রহণ করেন, তাদের নিউ ইয়র্ক স্টেট কী কী সুরক্ষা প্রদান করে?

নিউ ইয়র্ক স্টেটের গুড সামারিটান আইন সেই সব লোকেদের ফৌজদারি এবং দেওয়ানি শাস্তি থেকে সুরক্ষা দেয়, যারা মাদকের অতিরিক্ত মাত্রাসহ কোনো জরুরি চিকিৎসা পরিস্থিতিতে সাহায্য করার সিদ্ধান্ত নেন। এই আইনগুলির মধ্যে রয়েছে:

- **জরুরি চিকিৎসা সংক্রান্ত আইন:** মাদকের অতিরিক্ত মাত্রাসহ কোনো জরুরি চিকিৎসা পরিস্থিতিতে যারা সাহায্য করেন, তারা যদি আর্থিক ক্ষতিপূরণের আশা না করে স্বেচ্ছায় সহায়তা প্রদান করেন, তবে তারা দেওয়ানি শাস্তি থেকে সুরক্ষিত থাকবেন। এই আইনটি বিশেষভাবে সেই সব লোকেদের সুরক্ষা দেয়, যারা "হাসপাতাল, ডাক্তারের চেম্বার বা যথাযথ ও প্রয়োজনীয় চিকিৎসা সরঞ্জাম আছে এমন অন্য কোনো জায়গার বাইরে কোনো দুর্ঘটনা বা জরুরি পরিস্থিতির ঘটনাস্থলে" সাহায্য করেন।[2]
- **ওপিওয়েডের অতিরিক্ত মাত্রা বিষয়ক প্রোগ্রামের আইন:** যারা ওপিওয়েডের অতিরিক্ত মাত্রার সন্দেহ করে ন্যালোক্সোন প্রয়োগ করার সিদ্ধান্ত নেন, তারা যদি যুক্তিসঙ্গতভাবে, সৎ বিশ্বাসে এবং নিউ ইয়র্ক স্টেটের নিয়মকানুন মেনে কাজ করেন, তবে তারা ফৌজদারি, দেওয়ানি এবং প্রশাসনিক শাস্তি থেকে সুরক্ষিত থাকবেন। ন্যালোক্সোনের মতো ওপিওয়েড অ্যান্টাগনিস্টগুলিকে জরুরি চিকিৎসা বা প্রাথমিক চিকিৎসা হিসাবে গণ্য করা হয়।[3]
- **911 গুড সামারিটান আইন:** কারও অতিরিক্ত মাত্রা হয়েছে বলে সন্দেহ করে **911**-এ কেউ কল করলে, কলকারীকে লঘু অপরাধ (মিসডিমিনার) হিসাবে মাদক রাখা, মাদক ব্যবহারের সরঞ্জাম (প্যারাফারনালিয়া) রাখা এবং নেশাগ্রস্ত অবস্থায় থাকার দায়ে মামলা থেকে সুরক্ষা দেওয়া হয়। এই সুরক্ষাগুলি সেই ব্যক্তির ক্ষেত্রেও প্রযোজ্য যিনি অতিরিক্ত মাত্রার সম্মুখীন হয়েছেন।[4,5]

---

[2] Emergency medical treatment (জরুরি চিকিৎসা)। নিউ ইয়র্ক জনস্বাস্থ্য আইন § 3000-a। 5 জুন, 2026। https://www.nysenate.gov/legislation/laws/PBH/3000-A

[3] Opioid overdose prevention (ওপিওয়েডের অতিরিক্ত মাত্রা প্রতিরোধ)। নিউ ইয়র্ক জনস্বাস্থ্য আইন § 3309। 19 ডিসেম্বর, 2025। https://www.nysenate.gov/legislation/laws/PBH/3309

[4] Opioid overdose prevention programs (ওপিওয়েডের অতিরিক্ত মাত্রা প্রতিরোধ বিষয়ক প্রোগ্রাম)। 10 NYCRR § 80.138। 6 মে, 2015। https://regs.health.ny.gov/content/section-80138-opioid-overdose-prevention-programs

[5] Witness or victim of drug or alcohol overdose (মাদক বা অ্যালকোহল সেবনের অতিরিক্ত মাত্রার সাক্ষী বা ভুক্তভোগী)। নিউ ইয়র্ক দণ্ডবিধি § 220.78। 2 এপ্রিল, 2021। https://www.nysenate.gov/legislation/laws/PEN/220.78

## গুড সামারিটান আইন কী কী নির্দিষ্ট সুরক্ষা প্রদান করে?

ওপিওয়েডের অতিরিক্ত মাত্রার সময় যারা চিকিৎসার সহায়তা চান, তাদের বয়স যাই হোক না কেন বা তারা নিজের জন্য নাকি অন্যের জন্য সাহায্য চাইছেন, তা নির্বিশেষে গুড সামারিটান আইন তাদের নিম্নলিখিত বিষয়গুলির ক্ষেত্রে আইনী পরিণতিগুলি থেকে সুরক্ষা দেয়:

- 8 আউন্সের কম পরিমাণ নিয়ন্ত্রিত পদার্থ সাথে রাখা (একটি ক্লাস A-II অপরাধ বা তার চেয়ে লঘু অপরাধ)
- অ্যালকোহল সাথে রাখা, যদি অপ্রাপ্তবয়স্কদের মদ্যপান এর সাথে জড়িত থাকে
- যেকোনো পরিমাণ ক্যানাবিস সাথে রাখা
- মাদক ব্যবহারের সরঞ্জাম (প্যারাফারনালিয়া) সাথে রাখা

এই সুরক্ষাগুলির কিছু সীমাবদ্ধতা রয়েছে। তা সত্ত্বেও আপনি নিম্নলিখিত কারণে আইনী পরিণতির সম্মুখীন হতে পারেন:

- প্যারোল বা প্রোবেশনের শর্ত লঙ্ঘন করলে
- একটি কার্যকর গ্রেফতারি পরোয়ানা থাকলে
- নিয়ন্ত্রিত পদার্থ বিক্রি করলে বা বিক্রির চেষ্টা করলে
- 8 আউন্স বা তার বেশি পরিমাণ নিয়ন্ত্রিত পদার্থ সাথে রাখলে (একটি ক্লাস A-I অপরাধ)

অধিকন্তু, গুড সামারিটান আইন অভিবাসন বা শিশু কল্যাণের সম্ভাব্য পরিণতির ক্ষেত্রে কোনো নির্দিষ্ট সুরক্ষা প্রদান করে না।

## আমার কোনো চিকিৎসা প্রশিক্ষণ না থাকলেও কি আমাকে ন্যালোক্সোন সাথে রাখার এবং প্রয়োগ করার অনুমতি দেওয়া হবে?

হ্যাঁ। এপ্রিল 2006 থেকে, চিকিৎসা পেশার সাথে যুক্ত নন এমন ব্যক্তিরা যারা একটি ওপিওয়েডের অতিরিক্ত মাত্রা প্রতিরোধ বিষয়ক প্রোগ্রাম থেকে ন্যালোক্সোন কিট পেয়েছেন, তাদের জন্য নিউ ইয়র্ক স্টেটে ন্যালোক্সোন সাথে রাখা এবং প্রয়োগ করা বৈধ করা হয়েছে। সেপ্টেম্বর 2023 থেকে, ন্যালোক্সোন ফার্মেসিগুলি থেকে কেনা যাচ্ছে এবং এটি প্রেসক্রিপশন ছাড়াই ব্যবহারযোগ্য একটি ওষুধ হিসাবে ব্যবহৃত হতে পারে।

## অতিরিক্ত মাত্রার ক্ষেত্রে সাহায্য করতে কি আমি বাধ্য?

না। কারও অতিরিক্ত মাত্রা হয়েছে বলে সন্দেহ হলে (উদাহরণস্বরূপ, যদি তার মধ্যে অতিরিক্ত মাত্রার উপসর্গ যেমন শরীরের রঙ পরিবর্তন বা সাড়া না দেওয়ার মতো সমস্যা দেখা যায়), তবে তা দেখলেই আপনি ন্যালোক্সোন প্রয়োগ করতে বাধ্য নন। আপনি যদি সাহায্য করার সিদ্ধান্ত নেন, তবে আপনি ন্যালোক্সোন প্রয়োগ করতে পারেন, রেসকিউ ব্রেথ বা মুখে মুখ লাগিয়ে শ্বাস দেওয়া পদ্ধতি ব্যবহার করতে পারেন এবং **911**-এ কল করতে পারেন। আপনি যদি ন্যালোক্সোন প্রয়োগ করতে স্বাচ্ছন্দ্যবোধ না করেন, তবুও আপনি **911**-এ কল করতে পারেন, সন্দেহভাজন অতিরিক্ত মাত্রার সম্মুখীন হওয়া ব্যক্তির অবস্থান জানাতে পারেন এবং তার উপসর্গগুলির বর্ণনা দিতে পারেন।

## একাধিক কর্মী কি একটি ন্যালোক্সোন কিট ভাগ করে নিতে পারেন বা একটি সার্বজনীন ব্যবহারের কিট রাখতে পারেন?

প্রশিক্ষিত অতিরিক্ত মাত্রা সহায়তাকারীরা যদি একই সংস্থার হয়ে বা একই জায়গায় কাজ করেন, তবে তাদের ন্যালোক্সোন ভাগ করে নেওয়ার অনুমতি রয়েছে।

## অতিরিক্ত মাত্রার ক্ষেত্রে হস্তক্ষেপ করতে কি মানুষের দায়বদ্ধতা বীমার প্রয়োজন আছে?

না। 2006 সালে ওপিওয়েডের অতিরিক্ত মাত্রা প্রতিরোধ বিষয়ক প্রোগ্রাম শুরু হওয়ার পর থেকে, নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য বিভাগ কখনও এমন কোনো রিপোর্ট পায়নি যেখানে কারও দায়বদ্ধতা বীমার প্রয়োজন হয়েছে।

## আমি যদি ন্যালোক্সোন প্রয়োগ করি এবং প্যারামেডিক বা আইনশৃঙ্খলা বাহিনী পৌঁছানোর আগেই আমাকে ঘটনাস্থল ত্যাগ করতে হয়, তবে আমার ন্যালোক্সোন কিটের সঙ্গে দেওয়া নীল রঙের সার্টিফিকেট অফ কমপ্লিশন কার্ডের তথ্যের ভিত্তিতে পুলিশ কি আমার সাথে যোগাযোগ করতে পারবে?

আপনার ন্যালোক্সোন কিটের সঙ্গে দেওয়া নীল রঙের সার্টিফিকেট অফ কমপ্লিশন কার্ডসহ কোনো শনাক্তকারী তথ্য রেখে যাওয়ার বাধ্যবাধকতা আপনার নেই। ব্যবহার করা ন্যালোক্সোন রেখে যাওয়া প্যারামেডিকদের বুঝিয়ে দেয় যে ন্যালোক্সোন প্রয়োগ করা হয়েছে, যা ঘটনাস্থলে কেউ উপস্থিত না থাকলেও তাদের জরুরি পরিস্থিতিটি মূল্যায়ন করতে সাহায্য করে।

আরো তথ্যের জন্য, nyc.gov/naloxone-এ যান।